

া হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৮. মিথ্যা হাদীস বিষয়ক কিছু বিভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ৩. ৩. কাশ্ফ- ইলহাম সঠিকত্ব জানার মাধ্যম নয়

ইসলামী আকীদায় কাশফ বা ইলহাম কোনো কিছুর সঠিকত্ব জানার মাপকাঠি নয়। ৬ষ্ঠ শতকের অন্যতম হানাফী আলিম উমার ইবনু মুহাম্মাদ আন-নাসাফী (৫৩৭ হি) তাঁর "আল-আকাইদ আন নাসাফিয়্যাহ" ও ৮ম শতকের প্রখ্যাত আলিম সা'দ উদ্দীন মাসঊদ ইবনু উমার আত-তাফতাযানী (৭৯১ হি.) তাঁর "শারহুল আকাইদ আন নাসাফিয়্যাহ" -তে লিখেছেন :

اَلْإِلْهَامُ الْمُفَسَّرُ بِإِلْقَاءِ مَعْنَى فِيْ الْقَلْبِ بِطَرِيْقِ الْفَيْضِ لَيْسَ مِنْ أَسْبَابِ الْمَعْرِفَةِ بِصِحَّةِ الشَّيْءِ عِنْدَ أَهْلِ الْحَقِّ "হক্ষপন্তীগণের কাছে 'ইলহাম' যা 'ফয়েযরূপে প্রদত্ত ইলকা' নামে পরিচিত তা কোনো কিছুর সঠিকত্ব জানার কোনো মাধ্যম নয়।"

কোনো কোনো অনভিজ্ঞ বুযুর্গ স্বপ্ন, কাশফ, ইলহাম ইত্যাদির ভিত্তিতে 'হাদীসের' বিশুদ্ধতা যাচাইয়ের দাবি করলেও অভিজ্ঞ ও প্রাজ্ঞ বুযুর্গণণ এর কঠিন বিরোধিতা করেছেন। ভারতের অন্যতম শ্রেষ্ট বুযুর্গ ও সংস্কারক মুজাদ্দিদ-ই আলফ-ই সানী (রাহ) হক্ক-বাতিল বা বিশুদ্ধতা ও অশুদ্ধতা জানার ক্ষেত্রে কাশফ, ইলহাম ইত্যাদির উপর নির্ভর করার কঠিন আপত্তি ও প্রতিবাদ করেছেন। তিনি বারংবার উল্লেখ করেছেন যে, কুরআন-হাদীসই কাশফ, ইলহাম ইত্যাদির সঠিক বা বেঠিক হওয়ার মানদন্ত। কাশফ কখনোই হাদীস বা বা কোনো মতের সঠিকত্ব জানার মাধ্যম নয়।

ফুটনোট

- [1] সা'দ উদ্দীন তাফতাযানী, শারহুল আকাইদ আন নাসাফিয়্যাহ, পৃ: ২২।
- [2] মুজাদ্দিদ আলফ সানী, মাকতুবাত শরীফ ১/১, পৃ. ৮৮, ১৭৮, ১৯৫, ১৯৬, ২১০, ১/২ পৃ. ৬৯, ১১০, ১১১, ১৩৩ (মাকতুব নং ৪১, ১০০, ১১২, ১৩১, ১৯১, ২০৯, ২১৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4663

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন